প্রকৃত কন্যা সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(রাজস্ব শাখা)

## বালুমহাল ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ইজারাযোগ্য বালুমহালসমূহ ১৪২৭ বাংলা সনের দখল প্রদানের তারিখ থেকে ৩০শে চৈত্র, ১৪২৭ বাংলা সন পর্যন্ত ইজারা প্রদানের লক্ষ্যে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ মোতাবেক এবং কমিশনার, সিলেট বিভাগ, সিলেট কার্যালয়ের ২৫-০৩-২০২০ তারিখের ০৫.৪৬.০০০০.০০৬.১৮.০১৭.১৮-২১৫ ও ২১৭ নম্বর স্মারকের অনুমোদনের আলোকে ও নিম্নবর্ণিত শর্তাবলীর অধীনে উন্মুক্ত পদ্ধতিতে সাধারণ বালু উত্তোলনের নিমিত্ত বালুমহাল ইজারা সম্পর্কে অভিজ্ঞ, যোগ্য ও আগ্রহী সিলেট জেলার বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণের নিমিত্ত হালনাগাদ তালিকাভুক্ত/হালনাগাদ তালিকাভুক্তি নবায়নকৃত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে দরপত্র / দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে প্রতি দরপত্রের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা প্রদান করে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, সিলেট এবং এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ক্রয় করা যাবে। দরপত্র ক্রয়ের সময় বালুমহাল ইজারার হালনাগাদ তালিকাভুক্তি/ হালনাগাদ নবায়নকৃত তালিকাভুক্তি প্রদর্শন করতে হবে। অন্যথায় দরপত্র সিডিউল সরবরাহ করা যাবে না। দরপত্র দাতাকে হালনাগাদ তালিকাভুক্তির প্রমাণ অবশ্যই দরপত্রের সাথে জমা দিতে হবে।

ক) দরপত্র নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, জেলা প্রশাসক কার্যালয়ের রাজস্ব শাখা, সিলেট এবং জেলাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নিম্নবর্ণিত দিনপঞ্জি মোতাবেক সকাল ০৯.০০ টা হইতে দুপুর ০২.০০ টা পর্যন্ত জমা প্রদান করা যাবে।

খ) নির্দিষ্ট তারিখে দিনপঞ্জি অনুযায়ী বেলা ০২.০০ ঘটিকায় উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে ( যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

গ) ইজারা গ্রহীতাকে নীতিমালা অনুযায়ী ইজারা মূল্য পরিশোধ করে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর এবং সরকারের আরোপিত অন্যান্য কর (যদি থাকে) পরিশোধ করতে হবে।

ঘ) দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউপি অথবা সিটি করপোরেশন বা পৌর মেয়র কর্তৃক স্থায়ী বাসিন্দার সনদপত্র / জাতীয় পরিচয়পত্র, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র, ট্রেড লাইসেন্স, হাল সনের আয়কর সনদপত্র এবং প্রদত্ত দরের ২৫% জামানত বাবদ 'জেলা প্রশাসক, সিলেট' এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট অবশ্যই দাখিল করতে হবে।

ঙ) দরপত্রে/আবেদনে পরিবহনের ব্যবস্থা উল্লেখ করতে হবে।

চ) দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না এবং একটি পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। কর্তৃপক্ষ যেকোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | দরপত্র প্রাপ্তির স্থান/দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২১-০৬-২০২০ হতে ২৪-০৬-২০২০ অফিস চলাকালীন সময়ে | ২৫-০৬-২০২০ বৃহস্পতিবার বিকাল ২:০০ ঘটিকা পর্যন্ত | জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ২৫-০৬-২০২০ বৃহস্পতিবার, বিকাল ৪:৩০ঘটিকা | কমিশনার, সিলেট বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়ের (রাজস্ব) শাখা, ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট | ---- |
| ২য় পর্যায় | ১৯-০৭-২০২০ হতে ২২-০৭-২০২০ অফিস চলাকালীন সময়ে | ২৩-০৭-২০২০ বৃহস্পতিবার বিকাল ২:০০ ঘটিকা পর্যন্ত | জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ২৩-০৭-২০২০ বৃহস্পতিবার, বিকাল ৪:৩০ঘটিকা | কমিশনার, সিলেট বিভাগ, সিলেট, জেলা প্রশাসকের কার্যালয়ের (রাজস্ব) শাখা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট | ১ম পর্যায়ে অইজারাকৃত বালুমহালের ক্ষেত্রে প্রযোজ্য |
| ৩য় পর্যায় | ২৩-০৮-২০২০ হতে ২৬-০৮-২০২০ অফিস চলাকালীন সময়ে | ২৭-০৮-২০২০ বৃহস্পতিবার বিকাল ২:০০ ঘটিকা পর্যন্ত | জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ২৭-০৮-২০২০ বৃহস্পতিবার বিকাল ৪:৩০ঘটিকা | কমিশনার, সিলেট বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়ের (রাজস্ব) শাখা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট | ২য় পর্যায়ে অইজারাকৃত বালুমহালের ক্ষেত্রে প্রযোজ্য |

বালুমহালসমূহের তথ্যাদি, দরপত্র ফরম ও দরপত্রের বিস্তারিত শর্তাবলি বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, জেলা প্রশাসকের কার্যালয়ের এস.এ. শাখা, সিলেট এবং জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ছকে বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী সংগ্রহ করা যাবে। বালুমহাল দরপত্র বিজ্ঞপ্তি www.sylhet.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে।

অন্যান্য শর্তাবলি

১. প্রতিটি বালুমহালের জন্য পৃথক পৃথক দরপত্র সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপরে বালুমহালের নাম স্পষ্টভাবে লিখতে হবে।

২. দরপত্র দাতা কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট পূর্বের কোন সময়ের ইজারা মূল্য বকেয়া থাকলে অথবা রাজস্ব সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. দরপত্রের নির্দিষ্ট স্থানে দরপত্র দাতার স্বাক্ষর থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র ফরমে কোন কাটা-ছেঁড়া অথবা ঘষামাজা কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪. সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারির মাধ্যমে তাদের মধ্য হতে একজনকে নির্বাচিত করে বালুমহাল ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।

৫. বালুমহাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহীতাকে দরপত্র দাখিলের পূর্বেই সরেজমিনে পরিদর্শন করে মহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

৬. ইজারা দরপত্র অনুমোদন হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে বিধি মোতাবেক সাকুল্য ইজারা মূল্য, ভ্যাট, আয়কর এবং সরকারের আরোপিত অন্যান্য কর (যদি থাকে) এ কার্যালয়ে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং মহালটি পুনঃ ইজারা প্রদান করা হবে।

৭. গৃহীত বালুমহালের ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর প্রদান করতে হবে। তাছাড়া সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কর ও পাওনাদি (যদি থাকে) পরিশোধ করতে হবে। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত/অনুমোদিত হওয়ার পর নীতিমালা মোতাবেক বালুমহালের সম্পূর্ণ ইজারা মূল্য ভ্যাট এবং আয়কর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের সাথে সাথে নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প সরবরাহ করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস থেকে বিধি মোতাবেক দখল গ্রহণ করতে হবে। অন্যথায় পরবর্তীতে দখলদেহীর বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না। মহালের দখল বুঝে না পাওয়া পর্যন্ত বালুমহাল থেকে বালু উত্তোলন করা যাবেনা।

৮. ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই মহালের কোন অংশ বা অংশ বিশেষ কারো নিকট সাবলিজ প্রদান করতে পারবে না। উক্ত শর্ত বরখেলাপ করলে সরাসরি ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারা মূল্য সরকার বরাবরে বাজেয়াপ্ত হবে ও মহালটি পুনরায় ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. গ্যাস লাইন, ওয়াসা লাইন, টিএন্ডটি লাইন, বিদ্যুৎ লাইন ক্ষতিগ্রস্থ হলে ইজারা গ্রহীতা নিজ দায়িত্বে তা মেরামত করতে বাধ্য থাকবেন। তাছাড়া ব্রিজ, কালভার্ট, রাস্তাঘাট, ফেরিঘাট, হাটবাজার, চা-বাগান, নদীর বাঁধ, সড়ক, মহাসড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনার সন্নিকটবর্তী স্থান এবং পরিবেশের ভারসাম্য বিনষ্ট (যেমন-পাহাড় ধ্বস, ভূমি ধ্বস অথবা নদী বা খালের পানির স্রোতের গতিপথ পরিবর্তন ইত্যাদি) হয় এমন কোন স্থান থেকে বালু উত্তোলন করা যাবে না। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত বন্যা নিয়ন্ত্রণ বাঁধের বা নদীর বাঁধের/পাড়ের/আবাসিক এলাকার কোন ক্ষতি সাধন করা যাবে না। জীববৈচিত্র্য সংরক্ষণ ও পরিবেশ দূষণমুক্ত রাখতে হবে। বালু উত্তোলনের সময় সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাশিত ও ব্যক্তি মালিকানাধীন কোন প্রতিষ্ঠানের স্থাপনা বা অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ইজারাদার কর্তৃক পরিবেশ বিধ্বংশী পদ্ধতিতে বালু উত্তোলন করা হলে বা পরিবেশের কোন ক্ষতি করা হলে লিজ তাৎক্ষণিক বাতিল করা হবে।

১০. বালু উত্তোলনে পাম্প বা ড্রেজিং বা অন্য কোন মাধ্যমে ভূ-গর্ভস্থ বালু বা মাটি উত্তোলন করা যাবেনা। উত্তোলনকৃত বালু কোন অবস্থাতেই নদীর তীর বা নদীতে ফেলা যাবে না। ইজারাদার কর্তৃক বালুমহালের আয়তন হ্রাস বৃদ্ধি বা ক্ষতিসাধন বা জমির শ্রেণী পরিবর্তন করা যাবে না। নৌপথের অবকাঠামোগত পরিবর্তন করা যাবেনা। পরিবেশের ভারসাম্য নষ্ট করা যাবেনা।

১১. কোন অবস্থাতেই বালু ব্যতিত অন্য কিছু উত্তোলন করা যাবেনা। বালু উত্তোলন করার পর LLW হতে পানির সর্বোচ্চ গভীরতা ১২.০০ ফুটের বেশি হবেনা। বালু উত্তোলনকালে নৌচলাচলের কোন বিঘ্নসৃষ্টি করা যাবে না এবং রাত্রিকালে বালু উত্তোলন করা যাবেনা।

১২. বালুমহাল থেকে বালু ব্যতিত কোন মাটি উত্তোলন করা যাবেনা।

১৩. বিদ্যমান সরকারি বিধি বিধান এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত যাবতীয় বিধি বিধান অনুসরণ করতে হবে।

১৪. বালুমহালের ইজারা ১৪২৭ বাংলা সনের দখল প্রদানের তারিখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। ৩০ চৈত্রের পর মহালে ইজারা গ্রহীতার কোন স্বত্ব স্বার্থ থাকবে না এবং কোন প্রকার ওজর আপত্তি করা যাবে না, স্বয়ংক্রিয় ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখল সরকারের অনুকূলে বর্তাবে।

১৫. যেসকল মহালের উপর মন্ত্রণালয়/উচ্চ আদালত/ দেওয়ানী আদালত বা অন্য কোন আদালত কর্তৃক স্থগিতাদেশ/স্থিতাবস্থা এর আদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল বালুমহালের ইজারা স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর বিধি মোতাবেক পরবর্তী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হবে। এতদ্ব্যতীত কোন বালুমহালের কোন দাগের উপর কিংবা মহালের উপর বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা উলেস্নখ না হলেও ইজারা বহির্ভূত বলে গণ্য হবে।

১৬. বালুমহাল ইজারা মেয়াদ চলাকালীন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা বলবতের কারণে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্থ হলে তার জন্য কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

১৭. ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে সম্পূর্ণ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানতের অর্থ সরকার অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৮. বালুমহাল ইজারা সম্পর্কিত যাবতীয় তথ্য অত্র কার্যালয়ের রাজস্ব শাখা/সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে প্রত্যহ অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১৯. যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে দরপত্র কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বাস্তবতার আলোকে বালুমহালের তপশীল হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন সময় যেকোন পর্যায়ে দরখাস্ত আহ্বানকারী এ বিজ্ঞপ্তি পরিবর্ত/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০. উপরোক্ত শর্তাবলীর যেকোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১. ইজারা গ্রহীতার জামানত বাবদ দাখিলকৃত ২৫% অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার একার্যালয়ে রক্ষিত থাকবে এবং ইজারার মেয়াদ শেষ হওয়ার পর তা ফেরত দেয়া হবে। তবে ইজারা গ্রহীতা ইজারার কোন শর্ত ভঙ্গ করলে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ১৪(১)(২)নং আইন অনুযায়ী ইজারা বাতিলক্রমে উক্ত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২. বালুমহালসমূহ "উন্মুক্ত স্থান বা ছড়ার মধ্যস্থিত বালুমহাল হতে বালু উত্তোলনের ইজারা চুক্তি ফরম"(বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১-এর পরিশিষ্ট-ক)-এর মাধ্যমে ইজারা প্রদান করা হবে।

২৩. বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা,২০১১ এর ৩নং বিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণ ব্যতীত ড্রেজিং পদ্ধতিতে বালু উত্তোলন করা যাবেনা।

২৪. সাধারণ বালু উত্তোলনের বিষয়ে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ও বিধিমালা, ২০১১ এবং সরকার কর্তৃক সকল নির্দেশনা, বিধিবিধান মেনে চলতে হবে। বর্ণিত কোন শর্ত ভঙ্গ করলে জেলা প্রশাসক তাৎক্ষনিকভাবে বালু উত্তোলন বন্ধ করতে পারবেন এবং জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করতে পারবেন।

১৪২৭ বাংলা সনে ইজারাযোগ্য বালুমহাল সমূহের তালিকাঃ

| ক্রং নং | উপজেলা | বালুমহালের নাম | মৌজা | আয়তন | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জৈন্তাপুর | সারী নদী বালুমহাল-১ | পাঁচসেউতি গং | ১১৩.০৫ | ১৬,৩৯,৫০০/- | -- |
| ০২. | | সারী নদী বালুমহাল-২ | সরুফৌদ গং | ১৮৯.৬৪ | ২৭,৪৯,৮০০/- | -- |
| ০৩. | | সারী নদী বালুমহাল-৩ | উত্তর কামরাঙ্গিখেল গং | ১০৫.০৮ | ১৫,২৩,৮০০/- | ৪৯৮৬/২০১২ ও ৯৯৭/২০১৪ রিট মামলাভুক্ত |
| ০৪. | কোম্পানীগঞ্জ | ধলাই নদী উত্তর বালুমহাল | কালাসাদক | ১৮৩.৬০ | ১,২৩,১৯,৬১৪/- | -- |
| ০৫. | | ধলাই নদী দক্ষিণ বালুমহাল | কালাসাদক ও তৈমুরনগর | ১৯৯.৩০ | ১,৩৩,৭৯,১২৮/- | -- |

(স্বাক্ষর) ৩১/০৫/২০২০

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
সিলেট
ফোন: ০৮২১-৭১৬১০০

স্মারক নং-০৫.৪৬.৯১০০.০০৮.৫২.০০১.২০.৩০০ তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ / ৩১ মে ২০২০

অনুলিপি: (সদয় অবগতির জন্য/বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো)

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট ১/২/৩/৪/৫/৬
০২। সিনিয়র সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
০৫। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৬। জেলা প্রশাসক, সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
০৭। পুলিশ সুপার, সিলেট
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, সিলেট
০৯। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
১০। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট
১১। সিভিল সার্জন, সিলেট
১২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
১৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট (তাঁকে বেতার মারফত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
১৪। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (তাঁকে বিজ্ঞপ্তিটি মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
১৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট
১৬। উপজেলা নির্বাহী অফিসার, ............................................(সকল), সিলেট (তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডের মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।)
১৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট
১৮। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট
১৯। সহকারী কমিশনার (ভূমি), ..............................................(সকল), সিলেট (সংযুক্ত বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)
২০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ..........................................(সকল), সিলেট
২১। সাব রেজিস্ট্রার,............................................................................(সকল), সিলেট
২২। চেয়ারম্যান...........................................................................(সকল), ইউপি, সিলেট
২৩। সম্পাদক, দৈনিক..................................................................... ...
(এ সাথে প্রেরিত বিজ্ঞপ্তি আপনার দৈনিক পত্রিকায় ভেতরের পাতায় সীমিত পরিসরে (Single Space) কেবলমাত্র ০১(এক) দিনের জন্য জরুরি ভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

৩১/০৫/২০২০

সুমাইয়া ফেরদৌস
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
সিলেট
ফোন: ০৮২১-৭১৩৯২২